**২৮তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট**
**ডেভিড কায়োডে (David Kayode)** (D)

**অভিবাদন, আমার নাম David Kayode এবং আমি কুইনস ডিস্ট্রিকট ২৮ সিটি কাউন্সিলমেটিক নির্বাচনে একজন প্রার্থী। যে নগরে ২০ বছর ধরে বাস করলাম, সব সন্তানকে সরকারী স্কুল সমূহে মানুষ করলাম তাতে একটা পরিবর্তন আনতে চাই, এই ডিসট্রিক্টে আমরা যা চাই তা হচ্ছে টিকে থাকার মতো কর্মসংস্থান, মানসম্পন্ন শিক্ষা সান্নিধ্য এবং স্বাস্থ্যসেবা, ক্ষুদ্র ব্যবসার জন্য সুযোগ সুবিধা, আমাদের ঘরবাড়ী দখল বন্ধকরণ, বয়স্কদের জন্য বঞ্চিত সেবাপ্রদান এবং আমাদের সন্তানদেরকে ভবিষ্যত নেতৃত্বের জন্য যোগ্য করে তুলতে উপযুক্ত উন্নতকর পরিবেশ, সংস্কার সাধনের জন্য আমাদেরকে পুরোপুরি ওকিবহাল থাকতে হবে। এ কাজগুলো সমাপ্তি করতে হলে আমাদেরকে অবশ্যই হাতে হাত মিলিয়ে একযোগে কাজ করতে হবে এবং সমর্থন আদায়ের জন্য ডিসট্রিক্টের বাইরের রাজনৈতিকদের কাছে যেতে হবে। আমি জনকল্যান ও মানবসেবায় আমার জীবন উৎসর্গ করেছি এবং রাজনৈতিকদের কানে আমার সহ নির্বাচন সংগঠকদের সাহায্যের আবেদন পৌছানোর জন্য তাদের চেষ্ঠাচরিতকে সহায়তা প্রদানের লক্ষ্যে আমি এই ডিস্ট্রিটের সড়কসমূহ পরিভ্রমন করেছি। আমি প্রথমেই জানি একটা সুন্দর চলমান কমিউনিটি কি দিয়ে গড়া যায় এবং একে বিজয়ী রাখতে হলে কি কি প্রয়োজনীয় ব্যবস্থাবলী নিতে হয়। এখানে এই ডিষ্ট্রিক্ট ২৮ এ আমরা বড় একগুচ্ছ চ্যালেঞ্চ মোকাবিলা করার সম্মূখীন হই; এদের কিছু রাজনিতীর চেয়েও বড় মনে হয় কিন্তু একত্রে আমরা অল্প শ্রমের মাধ্যমে এসবকে অতিক্রম করতে পারি। কাজ করার আগে তা কোন সফলতা আসেনা, একত্রে একটা টিম হিসাবে এতগুলো বছর ধরে আমাদেরকে ফেলে রাখা বাঁধা বিপত্তিগুলো নিরষণ করতে পারি। সেপ্টেম্বর ১০ তারিখে, আমাকে আপনাদের কন্ঠ বানিয়ে নেন, আওয়াজহীনদের আওয়াজ, সিটি কাউন্সিলে David Kayode কে ভোট দিন। আপনাদেরকে ধন্যবাদ এবং ঈশ্বর আপনাদের মঙ্গল করুন।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**২৮তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট**
**হেটি ভি. পাওয়েল (Hettie V. Powell)** (D)

আমার নাম Hettie V. Powell এবং আমি বিশ্বাস করি যে নিউ ইয়র্ক সিটি এবং ডিস্ট্রিক্ট ২৮ পরিবর্তনের জন্য প্রস্তুত আছে। আমরা সিটি সরকার গঠন করে আমাদের সম্প্রদায়ের হাতে ক্ষমতা প্রদানে প্রস্তুত যা আমাদের অর্থনীতিতে শক্তিশালী করবে এবং এই কারণে আমাদের নগরীর ইউনিয়নগুলি কঠোর পরিশ্রম করে যাচ্ছে। আমরা একজন কাউন্সিল সদস্যের জন্য প্রস্তুত আছি যিনি সংশ্লিষ্ট বাসিন্দাদের কথা শুনবে এবং তারপরে উপুক্ত কাজ করে দেখবে। আমি সেই কাউন্সিল সদস্য হতে চাই। আমি আমাকে সিটি হলে পাঠানোর জন্য আপনাদেরকে অনুরোধ করি। ডিস্ট্রিক্ট ২৮ অনেক নেইবারহুড এর মাধ্যমে তৈরী মেন রিচমন্ড হিল, সাউথ জামাইকা, সাউথ ওজোন পার্ক এবং রোচেডেল ভিলেজ প্রভৃতি। ইহা নানাররকম এবং বৈচিত্রে ভরপুর একটি ডিসট্রিক্টে, সেই সাথে অধিবাসীগণ কঠোর পরিশ্রমী যারা অধিকতর ভাল চান। আমি জানি যে আমি ৩০ বছরেরও অধিক এই জেলায় বাস করছি এবং আমি সিটি হলে গেলে জেলা ২৮ মর্যদার সহিত তুলে ধরতে পারব। যদি আমি নির্বাচিত হই, তা হলে যে যে বিষয়গুলি সমস্যা হিসেবে সেখানে রয়েছে তা আমি মোকাবিলা করতে পারব? শিক্ষা একটি অগ্রাধিকারমুলক বিষয়। আমাদের ছেলেমেয়েরা গণশিক্ষা থেকে উন্নত মানের শিক্ষা পাবে যা তাদেরকে শুধুমাত্র বয়স্ক সম্পন্ন করে তুলবে না। কিন্তু তা চাকুরী বাজার চাহিদা পুরণ করতে পারবে। এমনকি যদিও আমি এখন একজন এটর্নি হিসেবে কাজ করছি। কিন্তু আমি একজন শিক্ষক ছিলাম। আমি মনে করি যে বর্তমান যেরুপ সহায়তা এবং সম্পদ প্রভৃতি আমাদের স্কুলগুলি পাচ্ছে তার চেয়ে তাদের প্রয়োজন অধিক। আমি স্কুলগুলি খোলা রাখতে কাজ করবো এবং সাফল্য অর্জনের জন্যে ঐ গুলিতে সাহায্য করবো। ফোরক্লোজার সংকটের বিষয়ে আমি আইনগত বিষয়ের প্রস্তাব করি যা পরিবারবর্গকে তাদের গৃহে অবস্থান করতে সহায়তা করে। আমাদের দেশ অভিবাসীদের একটি দেশ। আমি নাগরিকত্ব পাওয়ার নিমিত্তে একটি মসৃণ তৈরীতে সহায়তা করবো এবং আমদের কঠোর পরিশ্রমী অভিবাসীদেরকে বৃহত্তর সম্প্রদায়ের ক্ষেত্রের কথা বলতে পারবো। ক্ষুদ্র ব্যবসাগুলি অযৌক্তিক জরিমানা থেকে পরিত্রাণ পেতে চায়। আমরা অবশ্যই উদ্দীপনা মুলক বিষয় প্রদান করবো যা তাদের ব্যবসা প্রসারে সহায়তা করবে এবং আরও চাকুরীর সুযোগ সৃষ্টি করবে। এটা অবশ্য জাতিগত প্রোফাইলিং শেষ করার একটি সময়। আমরা অন্যান্য এবং অবমাননাকর পুলিশী অন্যায় ব্যবহার শেষ করে দিতে চাই এবং তখনও পর্যন্ত আমাদের রাস্তাগুলি নিরাপদ রাখতে চাই। আমাকে নির্বাচিত করুন এবং আমি নগর সরকার গঠনে অধিকতর প্রয়োজনীয় স্বচ্ছতা আনবো। আমাদের কমিউনিটিকে শক্তিশালী করার জন্য কঠোর পরিশ্রম করবো।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**২৮তম সিটি কাপ্সিল ডিস্ট্রিক্ট**
**রুবেন উইলস (Ruben Wills)** (D)

হ্যালো। আমি Ruben Wills ২৮তম সিটি কাপ্সিল ডিস্ট্রিক্ট এর মেম্বার, যা জ্যামাইকা, রোচডেল ভিলেজ, রিচমন্ড হিল এবং সাউথ ওজোন পার্ক নেইবারহুড এর সমন্বয়ে গঠিত।

নির্বাচন অভিযান পরিচালনায়, নির্বাচন করতে, প্রশাসনে, আমরা নগর নেতাদের, নির্বাচিত কর্মকর্তাদের ও প্রশিক্ষকগণের সাথে অংশীদারিত্ব করেছি, যা দ্বারা ডিস্ট্রিক্ট ২৮ এর পুনর্গঠনের ভিত্তিমুল প্রতিষ্ঠা করা যায়। আপনার কাউন্সিলম্যান হিসেবে, আমি নেইবারহুড দলের সাথে কাজ করেছি আমাদের অতি বৈচিত্রময় কমিউনিটি সমুহের একত্রিতকরণের জন্য।

আমরা সবাই আমদের সন্তানদের জন্য সেরা স্কুল, আমাদের কর্মজীবি পুরুষ এবং মহিলাদের বেশী বেতনের চাকুরী প্রদান এবং আমাদের পরিবারের সদস্যদের জন্য নিরাপদ সড়কে চাই। এজন্যই আমরা আমাদের আলোচনার ধরণ পরিবর্তন করছি।

সরকারের প্রতিটি স্তরে আমাদের সহকর্মীদের সাথে কাজ করে, আমরা $১০ মিলিয়ন এর বেশী মুলধনী অর্থ প্রদান করেছি ডিস্ট্রক্টের প্রতিটি স্কুলের কারিগরী ক্ষেত্রে অগ্রগতির জন্য।

এই অর্থায়ন আমদেরকে সুযোগ করে দিয়েছে ৮০% এর বেশী স্মার্টবোর্ডসহ শ্রেণীকক্ষ, ম্যাক এবং কম্পিউটাব ল্যাব, উন্নত ব্যান্ড উইডথের উন্নয়ন, ল্যাপটপ এবং লাইব্রেরীসমুহের জন্য সাহায্য করার।

আপনাদের কাউন্সিলম্যান হিসেবে, আমি আইনগত ক্ষমতা প্রাপ্ত হয়েছি, কমিউনিটি সন্ত্রাস প্রতিরোধ আইন, প্রয়োগে। একটি পরিকল্পনা গঠনের জন্য একটি কমিশন প্রতিষ্ঠা করা যা দ্বারা অপরাধ বৃদ্ধি প্রবনতা কমানো যাবে সিটির সোশ্যাল সার্ভিসের অঙ্গিকারের মাধ্যমে।

আমাদের ডিস্ট্রিক্টের যুবকদের কার্যক্রমে অর্থায়ন করার জন্য পরবর্তী প্রশাসন হিসাবে দায়িত্ববদ্ধ হতে আগ্রহী, যুবকদের অধিকতর গ্রীষ্মকালীন চাকুরীর সুযোগ সৃষ্টি, স্কুল পরবর্তী কার্যক্রম, টিউটরিং, শনিবারের স্কুল কার্যক্রম, ফুল ডে ইউনিভার্সেল প্রীকে এর জন্য আরও সীটের ব্যবস্থা, এবং আরও অনেক।

আমাদের ডিস্ট্রিক্ট এর ক্ষেত্রে স্বয়ং সম্পুর্ন হওয়ার আশা করতে পারি না যে যদি একটানা বাঁধা-বিপত্তি অব্যাহতভাবে সৃষ্টি হয়ে আমাদের পথের প্রতিবন্ধক হয়।

সেজন্য আমি নির্বাচনে পুনরায় প্রতিদ্বন্দিতা করছি। আমরা এখনও শেষ করতে পারিনি। আমাদের করার মত অনেক কিছু আছে এবং আমাদের এখন কাজের মধ্যে প্রশিক্ষণ নেয়ার সময় নয়।

আমি কাউন্সিল মেম্বার Ruben Wills। আমাদের আন্দোলনে যোগ দিন এবং আলোচিত বিষয়ে পরিবর্তনের জন্য জড়িত হোন। আমি ১০ই সেপ্টেম্বরের ভোটটি আমাকে প্রদানের জন্য আপনাদেরকে আহবান জানাই। আপনাদেরকে ধন্যবাদ।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত।  ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*